দৈনিক ইত্তেফাক

তারিখ ... 24 DEC 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... 2 ...

31

১০/

# ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পুলিশ মোতায়েন

গাজীপুর, সংবাদদাতা জানান, ৩১শে জানুয়ারী পর্যন্ত ইসলামী

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ইসলামী বিশ্ববিদ্যালয়

( ১ম পৃঃ পর )

বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা এবং বিশ্ববিদ্যালয় স্থানান্তর করার চেষ্টার প্রতিবাদে গতকাল (শনিবার) বিশ্ব-

(২য় পৃঃ দ্রঃ)

## ইসলামী বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

বিদ্যালয় প্রাঙ্গণে ছাত্র-জনতার বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশের পর সেখানে উত্তেজনার পরিপ্রেক্ষিতে ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হইয়াছে। কর্তৃপক্ষ ছাত্রদের হল ত্যাগের নির্দেশ দিলে ছাত্রগণ উহা অমান্য করিয়া হলে অবস্থান করে। গতকাল হইতে হলসমূহে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করিয়া দেওয়া হয় বলিয়া অভিযোগ করা হইয়াছে।

গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভায় অনির্ধারিতভাবে বিশ্ববিব্যালয়ের ক্লাস বন্ধ ঘোষণার পর ছাত্র ও স্থানীয় জনসাধারণের মধ্যে ক্ষোভের সঞ্চার হয়। গতকাল সকাল হইতে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণ এবং গাজীপুর-ঢাকা সড়কে বোর্ড বাজারে বিরাট মিছিল বাহির হয়। বিকালে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে পুবাইল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আহসানুল্লাহ মাষ্টারের সভাপতিত্বে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। সভায় পৌর চেয়ারম্যান ও স্থানীয় আওয়ামী লীগ নেতা আফম মোজাম্মেল হক, জেলা বিএনপি সাধারণ সম্পাদক অধ্যাপক আবদুল মান্নান, জেলা আইনজীবী সমিতির সম্পাদক এ্যাডভোকেট আজমত উল্লাহ খান, বিশ্ববিদ্যালয়ের ছাত্রনেতা শাহজাহান আলম, আশরাফুল ইসলাম, আমজাদ হোসেন প্রমুখ বক্তৃতা করেন। তাঁহারা বলেন ইতিপূর্বে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর গাজীপুরে স্থাপন করা সত্বেও পরে উহা স্থানান্তর করা হয়। তাই গাজীপুরবাসী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের যে কোন চেষ্টা প্রতিরোধ করিবে।